# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৪

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ কান্না করার হাদীসসমূহ

## আরবী

دَخَلَ سَعْدُ عَلَى سَلْمَانَ يَعُودُهُ قال فَبَكَى فَقَالَ لَهُ سَعْدٌ: مَا يُبْكِيكَ يَا أَبَا عَبْدِ اللَّهِ؟ تُوُفِّيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ عَنْكَ رَاضٍ وَتَرِدُ عَلَيْهِ الْحَوْضَ وَتَلْقَى أَصْحَابَكَ قَالَ فَقَالَ سَلْمَانَ أَمَا إِنِّي لَا أَبْكِي جَزَعًا مِنَ الْمَوْتِ وَلَا حِرْصًا عَلَى الدُّنْيَا وَلَكِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَهِدَ إِلَيْنَا عَهْدًا حَيًّا وَ مَيِّتًا قَالَ: «لِتَكُنْ بُلْغَةُ أَحَدِكُمْ مِنَ الدُّنْيَا مِثْلَ زَادِ الرَّاكِبِ وَحَوْلِي هَذِهِ الْأَسَاوِدُ قَالَ: وَإِنَّمَا حَوْلَهُ إِجانة وَجَفْنَةٌ وَمَطْهَرَةٌ

## বাংলা

(৩৮৪) সা’দ (রাঃ) সালমান (রাঃ) কে দেখা করতে এলেন। সালমান (রাঃ) কাঁদতে লাগলেন। সা’দ বললেন, আপনি কাঁদছেন কীসের জন্য হে আবূ আব্দুল্লাহ! আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইন্তেকাল করে গেছেন, তিনি আপনার প্রতি সন্তুষ্ট ছিলেন। আপনি হওযে-কাওসারের কাছে তাঁর সঙ্গী হবেন। আপনার সাথীবর্গের সাথে সাক্ষাৎ করবেন। সালমান (রাঃ) বললেন, আমি মৃত্যুভয়ে কাঁদছি না, দুনিয়ার (জীবনের) লোভেও না। কিন্তু আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নির্দেশ দিয়ে বলেছিলেন যে, তোমাদের জন্য যেন একজন সওয়ারী (মুসাফিরের) সম্বল পরিমাণ দুনিয়ার (সম্পদ) যথেষ্ট হয়। আর আজ আমার চারিপাশে এত সম্পদ! এ কথা শুনে সা’দ (রাঃ) ও কাঁদতে লাগলেন। অথচ তাঁর পাশে ছিল একটি ঠেস দেওয়ার বালিশ, একটি ভোজনপাত্র, একটি কাপড় ধোওয়ার পাত্র ও একটি ওযূর পাত্র! (যার মূল্য ৪০ দিরহাম মাত্র।)

## ফুটনোট

(হাকেম ৭৮৯১, বাইহাক্বীর শুআবুল ঈমান ১০৩৯৫, ইবনে আবী শাইবা ৩৪৩১২, সহীহুত তারগীব ৩২২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63903

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন